যায়যায়দিন

তারিখ ... OCT 05 2006 ...
পৃষ্ঠা ১৯ কলাম ৫

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

# ভিসি রেজিস্ট্রার ২ ঘণ্টা অবরুদ্ধ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

বিসিএস (মৎস্য) ক্যাডারে ১৯৮৯ সালের নিয়োগবিধি উপেক্ষা করে তৃতীয় শ্রেণীর কর্মচারীদের প্রথম শ্রেণীতে উত্তীর্ণ এবং পৃথক সামুদ্রিক মৎস্য অধিদফতর প্রতিষ্ঠার পরিকল্পনার ষড়যন্ত্রের প্রতিবাদে বুধবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাৎস্যবিজ্ঞান অনুষদের শিক্ষার্থীরা প্রশাসন ভবনের সামনে অবস্থান ধর্মঘট করে। এ সময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মোঃ মোশাররফ হোসাইন মিঞা ও রেজিস্ট্রার মোঃ মজিবুর রহমানসহ দেড় শতাধিক কর্মকর্তা-কর্মচারী দুই ঘণ্টা অবরুদ্ধ হয়ে পড়ে। বেলা ১১টায় মাৎস্যবিজ্ঞান অনুষদের শিক্ষার্থীরা তাদের দুই দফা দাবিতে প্রশাসন ভবন অবরোধ করে। শিক্ষার্থীরা অভিযোগ করে, বাকৃবি অ্যাডভাইজার ও প্রশাসনের পক্ষ থেকে এ সমস্যা সংক্রান্ত ডেলিগেশনের বিষয় গত ২ অক্টোবর নিশ্চিত করার কথা থাকলেও কোনো পদক্ষেপ এখনো নেয়া হয়নি।

এ ব্যাপারে মাৎস্যবিজ্ঞান অনুষদের ডিন, অ্যাডভাইজার, প্রক্টর ও অন্য প্রশাসনিক কর্মকর্তারা বাকৃবি উপাচার্য প্রফেসর ড. মোঃ মোশাররফ হোসাইন মিঞার সঙ্গে আলোচনায় বসেন। দুপুর ১টার দিকে আলোচনা শেষে মাৎস্যবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ বজলুর রশীদ চৌধুরী শিক্ষার্থীদের জানান, আজ বৃহস্পতিবার এ ব্যাপারে পিএসসির চেয়ারম্যানের কাছে ডেলিগেশনে পাঠানো হবে।